ফেব্রয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত দৌলতপুর উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৩৪তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

স্থান ঃ জুম প্লাটফরম, দৌলতপুর, কুষ্টিয়া ।
তারিখ ঃ ১০/০২/২০২২ খ্রিস্টাব্দ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিতি ঃ সভার উপস্থিতি পরিশিষ্ঠ 'ক' -তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর এজেন্ডা ভিত্তিক আলোচনার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার দৌলতপুর, কুষ্টিয়া-কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জুম প্লাটফম সভায় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

গত ১৭/০১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠিত হয় এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা কৃষি বিভাগ ঃ** ক) সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমান মাঠে বোরো ধান রোপন কার্যক্রম চলছে। দন্ডায়মান রবি শস্যে রোগ বালাইয়ের প্রকোপ কম রয়েছে। উপজেলায় রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তাছাড়া তার অফিসের অবকাঠামো উন্নয়ন শুরু করার জন্য সকলকে ধন্যবাদ জানান। | ভবিষ্যতে প্রনোদনা কর্মসূচীর আওতায় যথাযথভাবে কৃষক নির্বাচন ও বিতরণের বিষয়টি অত্যন্ত সচ্ছতার সাথে উপজেলা কৃষি কর্মকর্তা ব্যবস্থা গ্রহন করবেন। বর্তমান ইরি মৌসুমে সারের ডিলারের নিকট কৃষক যেন হয়রানির শিকার না হয় সে বিষয়ে দেখভাল করার জন্য সভায় সকলে একমত পোষন করেন। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০২ | **উপজেলা প্রকৌশলী বিভাগ ঃ** ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের এডিপির তালিকা অনুয়ায়ী প্রাক্কলনের কাজ চলছে।<br>খ) তিনি আরো জানান যে, এলজিইডি'র বিভিন্ন প্রকল্পের আওতায় নতুন সড়ক উন্নয়ন/ রক্ষনাবেক্ষণ কাজ হচ্ছে। কিন্তু রাস্তাগুলির পাশে পুকুর খনন করা ও অভার লোডের গাড়ী চলাচল করায় রাস্তাগুলি ( উপজেলা সড়ক, ইউনিয়ন সড়ক ও গ্রামীন সড়ক) ক্ষতিগ্রস্ত হচ্ছে। বর্তমানে এলজিইডি'র রাস্তায় ১০ (দশ) চাকার ড্রাম ট্রাক তথা ৪০ (চল্লিশ) টনের অধিক ওজনের গাড়ী চলাচল করায় বিদ্যমান সড়ক নষ্ট হচ্ছে। আরো উল্লেখ্য যে, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক নির্মিতব্য পাকশী-ভেড়ামারা- কুষ্টিয়া সড়ক নির্মাণের কারণে পার্শ্ববর্তী জেলাসমূহের ভারী যানবাহন চলাচলের কারনে এলজিইডির বিভিন্ন ক্যাটাগরির রাস্তা দ্রুত নষ্ট হচ্ছে। অথচ এলজিইডির রাস্তার ভার বহন ক্ষমতা ১৫ টন। সড়কের | (ক)২০২১-২২ অর্থ বছরের এডিপির কাজ সঠিকভাবে সরেজমিনে পরীক্ষা নিরীক্ষা পূর্বক বাছাই ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br>(খ) এলজিইডি'র রাস্তায় ১৫ টনের অধিক ওজনের গাড়ী/ট্রাক চলাচল বন্ধ করতে হবে (গ) পুকুর/জলাশয় খনন কালে রাস্তার কিনারা হতে ১০ ফুট দুরুত্বে ও ৪৫ ডিগ্রি ঢাল রেখে পাড় করতে হবে। সভায় আরও সিদ্ধান্ত হয় যে, দৌলতপুর উপজেলার এলজিইডির চলমান কাজের | উপজেলা প্রকৌশলী দৌলতপুর |

| | | | |
|---|---|---|---|
| | স্থায়ী, জনসাধারনের চলাচল স্বাভাবিক রাখা ও সর্বপরি সরকারি অর্থের অপচয় রোধে জরুরী ভিত্তিতে ১৫ টনের অধিক ভারবাহী ট্রাক, লরি, কাভার্ট ভ্যান, ড্রাম ট্রাক বন্ধ করা প্রয়োজন। | গুনগতমান সম্পর্কে বিভিন্ন অভিযোগ আসছে। তাছাড়া, বিভিন্ন সড়ক পরিদর্শনে স্পটতই প্রতিয়মান হয় যে, শিডিউল অনুযায়ী কাজ বাস্তবায়ন হচ্ছে না। যা অত্যন্ত দুঃখজনক, এ পর্যায়ে কাজের গুনগতমান ঠিক রাখার বিষয়ে উপজেলা প্রকৌশলী সার্বিক দ্বায়িত্ব বহন করবেন। | |
| ০৩ | <u>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ</u> ঃ ক) সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, জানুয়ারী/২২ খ্রিঃ মাসে ইপিআই সংক্রান্ত ঃ টিটি(টিকা গর্ভবতী মায়ের জন্য) ৫৭৭, টিটি (টিকা সাধারণ মহিলা ২,৪৬৪ ভিটামিন এ ( প্রসব পরবর্তী মায়ের জন্য) ১৫৭, বিসিজি-(টিকা) ৯০৬, পেন্টা-১ = ১০৫০, পেন্টা-২= ৯৫৬, পেন্টা-৩= ৯৩০, এম আর টিকা ৭৮২, এমএসডি/এমআর-২(টিকা) ৯২৯, মাতৃ স্বাস্থ্য ভাউচার <u>স্কীম (ডিএসএফ) সংক্রান্ত</u> ঃ কার্ড বিতরণ ০৭, প্রসব পূর্ব সেবা-১ - ১৯৫, প্রসব পূর্ব সেবা-২- ৯৮, প্রসব পূর্ব সেবা-৩- ৫২, নরমাল ডেলিভারি ২৪,সিজারিয়াল অপারেশন নাই, প্রসবোত্তোর সেবা ৫০, চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। জরুরি বিভাগ ১৫১৪, বহিঃ বিভাগ ৬৩২৮, অন্তঃবিভাগ ১২৯০ কোভিড-১৯ নমুনা পরিক্ষা ৭৭, কোভিড-১৯ পজিটিভ ০১, মৃত্যু ০। তিনি আরও জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | সভায় রুটিন কাজের পাশাপাশি ও বিভিন্ন কর্মসূচী সঠিকভাবে পালন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। টিকা কার্যক্রম এগিয়ে নিতে (১ম ডোজসহ সকল ডোজ) দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য সভায় সকলে মত দেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দৌলতপুর ,কুষ্টিয়া। |
| ০৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২২ খ্রিঃ মাসের কার্যক্র মনিম্নরুপ ঃ মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ১,১১,২২৭, খাবার বড়ি গ্রহণ কারীর সংখ্যা ৩৩,৫৯৩,কনডম গ্রহণ করার সংখ্যা ১২,৮৬৬ ইনজেকশন গ্রহণ কারীর সংখ্যা ২০৮১৪, আই,ইউ,ডি গ্রহণ কারীর সংখ্যা ৪৭৫, ইমপ্ল্যান্ট গ্রহণ কারীর সংখ্যা ১০৪২, স্থায়ী পদ্ধতির (পুরুষ) সংখ্যা ২৩১ স্থায়ী পদ্ধতির (মহিলা) সংখ্যা ২০,২৪৯, মোট গ্রহণ কারীর সংখ্যা ৮৯২৭০ গ্রহণ কারীর হার ৮০.২৬ %। জানুয়ারি/২২ মাসে পরিবার পরিকল্পনা প্রচার ও সেবা সপ্তাহ হয়েছে সেখানে ৬৩ জনকে স্থায়ী পদ্ধতি সেবা দেয়া হয়েছে। | প্রতি মাসের তথ্য উপাত্ত সভার পূর্বে উপজেলা পরিষদে প্রেরণের অনুরোধ করা হয়। বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে প্রচারের ব্যবস্থা করার জন্যও অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দৌলতপুর কুষ্টিয়া। |
| ০৫ | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</u> ঃ ক) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারী/২২ মাসের গবাদি প্রাণির টিকা দান ১। <u>রোগ প্রতিরোধ ও চিকিৎসা কার্যাক্রমঃ</u> ক) গবাদি প্রাণির টিকাদান ঃ ৬১৬০ মাত্রা ( তড়কা-২০০০মাত্রা,ক্ষুরা- ১৬০মাত্রা, পিপিআর-৪০০০ মাত্রা ) খ) হাঁসমুরগীর টিকাদান ঃ ৫০০০০ মাত্রা (রাণীক্ষেত-৩৫০০০ মাত্রা, গামবোরো-১০০০০ মাত্রা, ফাউলপক্স-২০০০ মাত্রা, ডাপ্লেগ-২০০০ মাত্রা, ফাউল কলেরা-১০০০ মাত্রা ) গ) গবাদি প্রাণির চিকিৎসা ঃ ২১০৭ টি( গরু-৬৯৫ টি, ছাগল-১৩০৭টি, ভেড়া/গাড়ল-১০৫টি) ঘ) হাঁস-মুরগীর টিকাদান ঃ ১৩৫৮৫ টি(মরগী-১০৩৪১টি, হাঁস-২৩৭২টি, কবুতর-৮৬২টি) ঙ) পোষা প্রাণীর চিকিৎসা ০৭টি( কুকুর-১টি, বিড়াল-১টি,ঘুঘু-৫টি) , ২। গবাদি প্রাণির কৃত্রিম প্রজননের সংখ্যা ঃ ১৮৮৭ টি, | সভায় গবাদি পশুর কৃত্রিম প্রজনন ও বিভিন্ন রোগের প্রার্দভাব কমানোর বিষয়ে গুরুত্বত্তারোপ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দৌলতপুর কুষ্টিয়া। |

| | | | |
|---|---|---|---|
| | ৩। রাজস্ব আদয় ঃ -ক) টিকাবীজ বিক্রয় বাবদ ঃ ১৩১৫০/= খ) কৃত্রিম প্রজনন ফিস বাবদ ৫৬৬১০/= মোট = ৬৯৭৬০/= ৪। বার্ড ফ্লু প্রতিরোধের বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন | | |
| ০৬ | **উপজেলা সমাজসেবা অফিসঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, অত্র সমাজসেবা অফিসের ভাতা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাছাড়া, বর্তমানে বিদ্যমান সমস্য নিরসনে ইউনিয়ন পরিষদ দেয়ারম্যানদেরকে সম্পৃক্ততা করা হচ্ছে। | দাপ্তরিক কাজ আরোও গতিশীল ও কোন উপকারভোগী ভাতা প্রাপ্তিতে সমস্যার সম্মুখীন হলে তা পরীক্ষা পূর্বক দ্রুত সমাধানের জন্য বলা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৭ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের "অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মান" শীর্ষক প্রকল্পের আওতায় দৌলতপুর উপজেলায় ০৯ জন বীরমুক্তিযোদ্ধার গৃহ নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য ০৯টি গৃহ বরাদ্দ পাওয়া গিয়েছে এবং ইতোমধ্যে গৃহের কাজ বাস্তবায়নের জন্য লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। তাছাড়া, বীর নিবাসের নতুন ও পূর্বের অবশিষ্ট ৯৭টি ঘরের প্রেরণ করা হয়েছে। আশ্রায়ণ-২ প্রকল্পের আওতায় দৌলতপুর উপজেলার বিভিন্ন স্থানে ভূমিহীন ও গৃহহীনদের পুনঃবাসনের লক্ষে কাজ চলছে। তিনি সকল সদস্যকে আশ্রায়ণ-২ প্রকল্পের কাজ সরেজমিনে দেখা ও কোন পরামর্শ থাকলে তা জানানো জন্য অনুরোধ করেন। | বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মান কাজ সঠিকভাবে তদারকি ও দ্রুত বাস্তবায়ন শুরু পূর্বক যথাযথ পদ্ধতি অনুসরণ করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায় কর্মকর্তা-কে অনুরোধ করা হয় এবং আশ্রায়ণ প্রকল্পের কাজ সঠিকভাবে তদারকি ও দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা ঃ** ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, ১২ থেকে ১৮ বছর পর্যন্ত শিক্ষার্থীদের টিকা প্রায় ৩৯ হাজার শিক্ষার্থীদের মধ্যে প্রদান সম্পন্ন হয়েছে। (২) বই বিতরন সুষ্ঠভাবে চলছে। ইতোমধ্যে সিংহভাগ বই বিতরণ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট বই আগামী ১ সপ্তাহের মধ্যে বিতরণ সম্পন্ন হবে। (৩) ৫০-তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সমিতির শীতকালীন খেলাধুলা চলছে। | ইউনিক আইডির কার্যক্রম দ্রুত সমাপ্ত করতে হবে। করোনা পরবর্তী সকল শিক্ষক যেন সঠিকভাবে/নিয়মিত পাঠদান করে সে বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ব্যবস্থা নিবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৯ | **উপজেলা শিক্ষা অফিস ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ইসলামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৮টি রুমের চর-ডিজাইনের বিদ্যালয়ের সম্প্রসারনের অনুমোদন পাওয়ায় যায়। সেই মোতাবেক ইতোমধ্যে ৫ কক্ষ বিশিষ্ট ১টি বিল্ডিং সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৩ কক্ষ বিশিষ্ট বিদ্যালয়ের জন্য জায়গার (জমি) স্বল্পতা থাকায় ৩ কক্ষের স্থলে ২ কক্ষ বিশিষ্ট সম্প্রসারণ করে অর্থাৎ সর্বমোট ৮ কক্ষের স্থলে ৭ কক্ষ বিশিষ্ট সম্প্রসারন করার বিষয়ে সভাকে অবহিত করেন। | সভায় করোনা পরবর্তী কার্যক্রম এগিয়ে নিতে সকল শিক্ষকদের সচেতন থাকার জন্য অনুরোধ করা হয়। ইসলামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৮টি কক্ষের স্থলে ৭টি কক্ষ সম্প্রসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ১০ | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ক) ১৪৬৭ জন ভিজিডি উপকারভোগিকে ২ বছর মেয়াদে মাসিক ৩০ কেজি হারে চাউল বিনামূল্যে প্রদান করা হয়। ফেব্রয়ারি/২২ মাস পর্যন্ত চাউল প্রদান করা হয়েছে। এছাড়াও সহযোগি এনজিও দ্বারা বিবিন্ন বিষয়ে সচেতনতামূলক প্যাকেজ প্রশিক্ষন দেয়া হয়। খ) ১৮৯০ জন উপকারভোগিকে ৩ বছর মেয়াদে মাসিক ৮০০/- টাকা হারে ভাতা পান। জুন/২০২১ মাস পর্যন্ত ভাতা প্রদান করা হয়েছে। গ)জানুয়ারি/২২ মাস পর্যন্ত ২৬৭ জন মহিলাকে মোট ২৮,২৮,১৪০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং মোট | দাপ্তরিক কাজ আরো গতিশীল করা পাশাপাশি সরকারের বিভিন্ন কর্মসূচিতে ও উপকার ভোগী নির্বাচন, প্রশিক্ষন সংক্রান্ত বিষয়ে যথাযথ নিয়ম অনুসরনের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার-কে অনুরোধ করা হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ৫০ জন মহিলাকে ফ্যাশন ডিজাইন এবং ভার্মি কম্পোস্ট মাশরুম ও মৌচাষ ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। এ পর্যন্ত ৬০০ জন মহিলা অত্র প্রশিক্ষন কর্মসূচি হতে প্রশিক্ষণ গ্রহন করেন, ঙ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ১৪ টি ইউনিয়নে ১৪ টি কিশোর-কিশরী ক্লাব পরিচালিত হয়। প্রতি ক্লাবে ৩০ জন করে সদস্য আছে। সংগীত ও আবৃত্তি শিক্ষক দ্বারা সপ্তাহে ২ দিন ক্লাস নেওয়া হয়। প্রত্যেক সদস্যকে হাল্কা নাস্তা প্রদান করা হয়। চ) এ পর্যন্ত ৫৬ টি বাল্যবিবাহ বন্ধ করা হয়েছে। চলতি মাসে কোন বাল্যবিবাহের তথ্য পাওয়া যায়নি। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১১ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১। দৌলতপুর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ১২৪ টি, ২) মোট দলের সংখ্যা ৭৯ টি, ৩) মোট সমিতি/ দলের সংখ্যা ৫৪১৪ জন, ৪) মোট শেয়ার জমা ২২,৭৯,০০০, ৫) মোট সঞ্চয় জমা ৭৪,২৫,০০০/-, ৬) ঋণ বিতরণ ৩৬,৬১,৪৩,০০০/-, ৭) ঋণ আদায় ৩৩,০০,৯৬,০০০/-, ৮) কর্জ আদায় (ক) চলতিঃ ২,০০,৭২,০০০ /= (খ) খেলাপী ঃ ৫৯,৭৫,০০০/=<br>(গ) কর্জ আদায়ের হার (%) ঃ ৯৮ %“<br>অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্নকর্ম সংস্থান প্রকল্প” গ্রহিতার সংখ্যা ঃ ৯৫ জন ঋণ বিতরণ ঃ ৫৯,৮৭,০০০/= ঋণ আদায় ঃ ৩৫,৫৭,০০০, ঋণ চলতি ঃ ৪,৩৬,০০০/= ঋণ খেলাপী ঃ ১৯,৯৪,০০০/= ঋণ আদায়ের হার (%) ঃ ৬৪%। | বিভিন্ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নে সচ্ছতার বিষয়টি গুরুত্ত সহকারে মনিটরিং করা ও আশ্রায়ণ-২ প্রকল্পের আওতায় যারা বসবাস করছেন তাদেরকে ঋণ প্রদানের বিষয়টিও দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | **উপজেলা জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, ১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবারাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ধরনের নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। ২) এবং প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নির্মাণ কাজ চলমান। ৩) আর্সেনিক ঝুকি নিরসনে সরকারী/বেসরকারী নলকূপের আর্সেনিক পরীক্ষার কাজ চলমান রয়েছে ৪। স্বাস্থ্য বিধি ও হাত ধোয়া বিষয়ে জনগণকে অবহিত করা হচ্ছে। (বিভিন্ন সভা সমাবেশ ও প্রচার এর মাধ্যমে) ৫। প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গভীর নলকূপ (সাবমার্সিবল পাম্পযুক্ত) স্থাপন কাজ চলমান রয়েছে। | নলকুপ স্থাপন ও ওয়াশব্লকের কাজের গুনগতমান ঠিক রেখে যথাযথ মনিটরিং করার জন্য সভায় ঐক্যমত্য হয়। তাছাড়া, যে সকল জায়গায় মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রায়ণ-২ প্রকল্পের আওতায় ভূমিহীন ও গৃহহীনদের বাসস্থান নির্মানের কাজ চলমান সেখানে সরেজমিন দেখে যতগুলো গভীর নলকুপ প্রয়োজন সে সংখ্যাক নলকুপ স্থাপনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা দৌলতপুর |
| ১৩ | **উপজেলা মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে জেলেদের তালিকা হালনাগাদ এর কাজ চলমান আছে। ফিলিপনগর, রামকৃষ্ণপুর ও চিলমারী ইউনিয়ন থেকে এখনও হালনাগাদ বিষয়ে কোন আবেদন পাওয়া যায় নাই। উপজেলার কোন ইউনিয়নে বাদ পড়েছে এমন প্রকৃত জেলে থাকলে তাদেরকে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানের সুপারিশসহ আবেদন করার জন্য জানানো হচ্ছে। এছাড়া, স্থায়ীভাবে অক্ষম জেলেদের সরকারিভাবে সহযোগিতা করা হবে মর্মে নির্দেশনা পাওয়া গেছে। নিবন্ধিত জেলে কার্ডধারীদের মধ্যে অক্ষম কোন জেলে থাকলে | মৎস্য সপ্তাহ, ইলিশের প্রধান প্রজনন, সংরক্ষণসহ অন্যান্য কর্মসূচি সঠিকভাবে পালনের জন্য সভায় গুরুত্তারোপ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | তাদের তালিকা দেওয়ার জন্য সকল চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়াও, মাছ আহরণ অবস্থায় কোন জেলে কোনরুপ দূর্যোগে মারা গেলে সরকারের পক্ষ থেকে এককালীন অনুদান দেওয়া হবে বলে জানান। বিভিন্ন জলাশয়ে মাছে রোগ দেখা যাচ্ছে। মৎস্য চাষিদেরকে এর নিরাময়ের জন্য পরামর্শ দেওয়া হচ্ছে। জাটকা আহরণ, ক্রয়-বিক্রয় নিষিদ্ধ থাকায় জেলেদের ও ব্যবসায়ীদেরকে সচেতন করা হচ্ছে এবং নিয়মিত বাজার পরিদর্শন করা হচ্ছে। মাছ চাষিদের সমস্যার আলোকে নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৪ | **উপজেলা সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের ২০১৯-২০২০অর্থ বৎসরের রাজস্ব খাতে অডিট ফি বাবদ ১৪২৬১০/-টাকা এবং সিডিএফ বাবদ ৬০৬১০/-টাকা আদায় হয়েছে উক্ত টাকা ট্রেজারী ও ডি ডি মাধ্যমে ব্যাংকে জমা করা হয়েছে। আদায়ের হার ১০০%। ২টি আশ্রায়ণ প্রকল্পে ক্রমপুঞ্জিভুত ৪০৭০০০০/-টাকা বিতরন ও ২৯১৩১১৮/- টাকা আদায় করা হয়েছে। অত্র কার্যালয়ে ২০২০-২০২১খ্রিঃ মোট ৮৫ টি সমিতি অডিট বরাদ্ধ হয়েছে। চলতি মাস পর্যন্ত ৭০ টি সমিতি অডিট কার্যাদি সম্পন্ন করা হয়েছে। ৫০ জন সমবায়ীদের ভ্রাম্যামান প্রশিক্ষন দেওয়া হয়েছে। বর্তমানে আরোও কিছু ভ্রাম্যমান প্রশিক্ষণ চলমান আছে। ০২ টি সমিতিতে উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া, সমবায় শিক্ষায়তন কুষ্টিয়ায় ১২ জন প্রশিক্ষণার্থী প্রেরণ করা হয়েছে। | সভায় সকল কার্যক্রমের সমম্বয় যথাযথভাবে করার জন্য ও প্রতিমাসের মাসিক সভার পূর্বে তথ্য উপাত্ত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, |
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, জানুয়ারি/২২ খ্রিঃ মাসে প্রধান কার্যালয় থেকে প্রাপ্ত ঋণ তহবিল মোট প্রাপ্তি টাকার পরিমান ঃ -২৫৩৮৮০০/= (২) চলমান ঋণ বিতরণ -১২০০০০। (৩) এ বছরে মোট ঋণ বিতরণ ৪৬০০০০/= (৪) চলতি মাসে ঋণ আদায় ঃ -৩০৭৩২০/= (৫) চলতি মাসে ঋন আদায়ের হার -১০০%। (৬) বর্তমান মাস পর্যন্ত ঋণ খেলাপীর পরিমান ঃ -১৮৪৪৩৬২/- , (৭) এ মাসে প্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণঃ -৬০ জন, (৯) অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণ ঃ ৮৮২৩ জন। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে । | দাপ্তরিক কাজ গতিশীল করা ও করোনা পরবর্তীতে এ উপচেলার যুবকদের-কে কর্মসূচির আওতায় এনে স্বাবলম্বি করা যায় কিনা সে বিষয়েসকলে মত দেন। | **উপজেলা যুব উন্নয়ন অফিসার** |
| ১৬ | উপজেলা বন কর্মকর্তা বিভাগ ঃ উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ১। গাছটেন্ডার প্রক্রিয়াধীনঃ (ক) কাতলামারী জামতলা চার রাস্তার মোড় হইতে খলিশাকুন্ডি ব্রীজ পর্যন্ত ৭.০ কিঃ মি। (খ) কাতলামারি জামতলা চার রাস্তার হইতে আমলা সদরপুর ২৫ তম কিঃ মিঃ পর্যন্ত ৩.০ কিঃ মি, (গ) পুরাতন আমদহ ঝাউদিয়া চুনিয়ামোড় হইতে দিঘলকান্দি লালনগর ভাঙ্গা কোদালিয়া পর্যন্ত ৪.০ কিঃ মি। (ঘ) বোয়ালিয়া ইউনিয়নের শেহালা আমতলা রোড হইতে নাটনা পাড়া বাজার পর্যন্ত ৩.০ কিঃ মিঃ<br>উপরোক্ত চারটি বাগানের গাছ নিলামে বিক্রয়ের জন্য ব্রেজিং ও নাম্বারিং এর কার্যক্রম চলমান রয়েছে।<br>২। বনজদ্রব্য পরিবহন ও নিয়ন্ত্রন বিধিমালা ২০২১ অনুযায়ী সকল ফার্নিচার মার্ট ও কাঠ প্রসেসিং ইউনিট এর লাইসেন্স গ্রহন প্রক্রিয়া | ১। দাপ্তরিক কাজ আরো গতিশীল করার জন্য অনুরোধ করা হয়।<br>২। সড়কের পাশে/শিক্ষা প্রতিষ্ঠানের সম্মুখে কোন ঝূকিপূর্ণ গাছ থাকলে সেগুলো দ্রুত যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে অপসারণ/কর্তনের জন্য সভায় সকলে মত দেন। | উপজেলা বন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | চলমান রয়েছে।<br>৩। করাত কল পরিচালনার জন্য লাইসেন্স পাওয়ার আবেদন ০১(এক)টি। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ১৭ | চেয়ারম্যান দৌলতপুর ইউনিয়ন পরিষদঃ সভায় জানান যে, দৌলতপুর আর এন্ড এইচ বোয়ালিয়া রাস্তার কাজ চলছে, রাস্তার দুই পার্শ্বের গাছগুলি কর্তনের জন্য সভায় আলোচনা করেন। | উপজেলা ফরেস্টার সরেজমিনে পরীক্ষা করে যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ১৮ | **উপজেলা নির্বাহী অফিসার ঃ** ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের পুকুরের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ ও সৌন্দর্য বর্ধণের জন্য পরিকল্পনা গ্রহন করা হয়েছে। ইতোমধ্যে, বিভাগীয় কমিশনার হতে প্রাপ্ত বরাদ্দ দ্বারামাটি ভরাট করা হয়েছে। তবে, কয়েকটি বনজ গাছ থাকায় ভালভাবে উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করা বিঘ্নিত হচ্ছে। এ পর্যায়ে উপজেলা বন কর্মকর্তা যথাযথ নিয়ম/পদ্ধতি অনুসরনপূর্বক বনজ গাছগুলো কর্তনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন বলে সভায় সকলে মত দেন। এ বিষয়ে তিনি আরোও আলোচনা করেন যে, আসন্ন বর্ষা মৌসুমে উপজেলা পরিষদ চত্তরে বিভিন্ন জায়গায় বৃক্ষরোপন করার বিষয়ে উদ্যোগ নেওয়া হয়েছে। | ক) দৌলতপুর উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুর পাড়ের সৌন্দর্য উন্নয়নের নিমিত্তে কিছু বনজ গাছ কর্তনের জন্য উপজেলার ফরেস্টার কর্তৃক প্রাক্কলন প্রস্তুত পূর্বক অনুমোদনের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার দৌলতপুর, কুষ্টিয়া। |
| ১৯ | ক) **চেয়ারম্যান উপজেলা পরিষদ/ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান ঃ** ক) সভায় চেয়াম্যান উপজেলা পরিষদ এঁর জানুয়ারী/২০২২ মাসের দৈনিক ভাতার বিল প্রস্তুত করা হয়েছে এবং মার্চ/২০২২ মাসের ভ্রমন সূচি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় আরও জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখার ১৬ আগষ্ট,২০২১ তারিখের ৪৫৪ নং স্মারক মূলে অত্র উপজেলা পরিষদের মাস্ক, হ্যান্ডস্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস্ অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি ক্রয় ও বিনামূল্যে বিতরনের জন্য ৫.২৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। যা দ্রুত বিতরণ করা প্রয়োজন।<br>গ) তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে কৃষি অফিস জরাজীর্ণ থাকায় তা মেরামত করার জন্য সভায় আলোচনা করেন।<br>ঘ) সভায় তিনি আরও জানান যে ১) মোঃ কামরুল হোসেন, পিতাঃ মৃত আবুল হোসেন, গ্রামঃ দৌলতখালী, ২) মোঃ বাদল মন্ডল, পিতা- মোঃ ওয়াদ আলী মন্ডল, গ্রাম- নাটনাপাড়া, ৩) মোছাঃ আসমা খাতুন, স্বামী- মৃত খামির মন্ডল, গ্রাম- ফারাকপুর(পূর্বপাড়া) দৌলতপুর, কুষ্টিয়া এর বাড়ি পুড়ে যাওয়ায় আর্থিক সাহয্যের আবেদন করেছেন যা দ্রুত বিবেচনায় নেওয়া প্রয়োজন। | ক) আলোচনান্তে জানুয়ারী/২০২২ মাসের দৈনিক ভাতা চেয়ারম্যান ১০,৬২৫/=(দশ হাজার ছয়শত পঁচিশ) টাকা, ভাইস চেয়ারম্যান দ্বয় ৪০০০/= টাকা হারে উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধ ও মার্চ/২০২২ মাসের ভ্রমন সূচি গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) সভায় আলোচনান্তে উপজেলা পরিষদের মাস্ক, হ্যান্ডস্যানিটাইজার,এ্যান্টিসেপটিক সাবান, পালস্ অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি ক্রয় ও বিনামূল্যে বিতরনের জন্য ৫.২৬ লক্ষ টাকার মধ্যে প্রাক্কলন প্রস্তুত করে কোটেশনের মাধ্যমে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উপজেলা পরিষদের কৃষি অফিস মেরামতের জন্য ৫ লক্ষ টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধরেখে উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত করে কোটেশনের মাধ্যমে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ তিনজন প্রত্যেককে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ৫,০০০/=(পাঁচ হাজার) টাকা করে অনুদান প্রদানের জন্য | চেয়াম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, বন বিভাগের কর্মকর্তা ও বিজয় দিবসের মাঠসজ্জা উপ-কমিটি দৌলতপুর, কুষ্টিয়া। |

<table>
<tr><td></td><td></td><td>সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>.</td></tr>
<tr><td>২০</td><td>জানুয়ারি/২২ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে নিম্নবর্নিত বিসয়ে
<table>
<tr><th>ক্রঃ</th><th>বিলের বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>ক</td><td>উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সম্মানী</td><td>৪০,০০০</td></tr>
<tr><td>খ</td><td>উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী (দুইজন)</td><td>৫৪,০০০</td></tr>
<tr><td>গ</td><td>উপজেলা চেয়ারম্যান এরঁ ভ্রমন বিল</td><td>১০,৬২৫</td></tr>
<tr><td>ঘ</td><td>উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন বিল</td><td>১৩,০০০</td></tr>
<tr><td>ঙ</td><td>উপজেলা পরিষদের জানুয়ারি/২২ মাসের অফিস আনুষঙ্গিক বিল বাবদ</td><td>৪,৯৮৪</td></tr>
<tr><td>চ</td><td>উপজেলা পরিষদের জানুয়ারি/২২ মাসের অফিস আপ্যায়ন বাবদ বিল</td><td>২৯,৯৭৫</td></tr>
<tr><td>ছ</td><td>উপজেলা পরিষদে কর্মরত মালী ও সুইপার</td><td>২৪,২০০</td></tr>
<tr><td>জ</td><td>উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসের পানির লাইন মেরামত বাবদ বিল</td><td>২৪,৬৬৫</td></tr>
<tr><td>ঝ</td><td>উপজেলা নির্বাহী অফিস ও উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের রুমের ফার্নিচার ক্রয় বাবদ বিল</td><td>১,২২,০৩৬</td></tr>
<tr><td>ঞ</td><td>সম্পাদক 'দৈনিক ইত্তেফাক' ২০২০-২০২১ অর্থ বছরের টেন্ডার বিজ্ঞপ্তি বিল (জাইকা)</td><td>২৮,৯৮০</td></tr>
<tr><td>ট</td><td>সম্পাদক 'ঢাকা ট্রিবিউন" ২০২০-২০২১ অর্থ বছরের টেন্ডার বিজ্ঞপ্তি বিল(জাইকা)</td><td>২৪,৯৭৮</td></tr>
<tr><td>ঠ</td><td>অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় আর্থিক সাহায্যে</td><td>৬০,০০০</td></tr>
<tr><td>ড</td><td>উপজেলা পরিষদের অভ্যন্তরে রুপালী ভবন রং করণ বাবদ বিল</td><td>২৫,০০০</td></tr>
<tr><td></td><td>মোট =</td><td>৩,০০,৯৩০</td></tr>
</table></td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ব্যয়োত্তর টাকা অনুমোদনের জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
</table>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৭/০২/২২

এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া।

স্মারক নং- ০০.০০.৫০৩৯.০৩৯.৪০.০০১.২২- ০৫৮

০৪ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ ঃ ------------------------
১৭ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ৭৫, কুষ্টিয়া-১।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৬। উপজেলা--------------------------- অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
৭। চেয়ারম্যান ------------------------------ইউপি, দৌলতপুর, কুষ্টিয়া।
৮। অফিস কপি।

১৭/০২/২০২২

( মোঃ আব্দুল জব্বার)
পরিচিতি নং -২০৬১৯
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া।

## দৌলতপুর উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/2022 মাসের সভায় উপস্থিতি হাজিরা ঃ

সভার স্থান ঃ [illegible]

সভার তারিখ ও বার ঃ ২০/২/২০২২ সময় ঃ ১১.০০

| ক্রঃনং | জনপ্রতিনিধিবৃন্দ | নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০২ | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৪ | চেয়ারম্যান<br>১নং প্রাগপুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৫ | চেয়ারম্যান<br>২নং মথুরাপুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৬ | চেয়ারম্যান<br>৩নং ফিলিপনগর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৭ | চেয়ারম্যান<br>৪নং মরিচা ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৮ | চেয়ারম্যান<br>৫নং রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৯ | চেয়ারম্যান<br>৬নং চিলমারী ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১০ | চেয়ারম্যান<br>৭নং হোগলবাড়িয়া ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১১ | চেয়ারম্যান<br>৮নং পিয়ারপুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১২ | চেয়ারম্যান<br>৯নং রিফাইতপুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৩ | চেয়ারম্যান<br>১০নং দৌলতপুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৪ | চেয়ারম্যান<br>১১নং আদাবাড়িয়া ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৫ | চেয়ারম্যান<br>১২নং বোয়ালিয়া ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৬ | চেয়ারম্যান<br>১৩নং খলিশাকুন্ডি ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৭ | চেয়ারম্যান<br>১৪নং আড়িয়া ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৮ | | | |
| ১৯ | | | |
| ২০ | | | |
| ২১ | | | |
| ২২ | | | |
| ২৩ | | | |
| ২৪ | | | |
| ২৫ | | | |

জুম প্লাটফরম

ID-329-321-2274 passward- doict [illegible]



| ক্রঃনং | কর্মকর্তা বৃন্দ (হস্তান্তরিত) | নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০২ | উপজেলা কৃষি অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৪ | উপজেলা মৎস্য অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৫ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৬ | উপজেলা প্রকৌশলী, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৫ | উপজেলা সমবায় অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ১৬ | উপজেলা বন কর্মকর্তা, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ১৭ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| | | | |
| | | | |
| | **কর্মকর্তাবৃন্দ (সংরক্ষিত ও অন্যান্য)** | | |
| ০১ | সহকারী কমিশনার (ভূমি), দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৩ | অফিসার-ইন-চার্জ, দৌলতপুর থানা, কুষ্টিয়া | | |
| ০৪ | উপজেলা সাব-রেজিস্ট্রার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৫ | উপজেলা নির্বাচন অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৬ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৭ | উপজেলা পরিসংখ্যান অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৮ | কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৯ | উপজেলা প্রকল্প অধিদপ্তর (বিআরডিবি), দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ১০ | উপজেলা উপসহকারী প্রকৌশল (ক্ষুদ্র ও সেচ) বিভাগ, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ১১ | উপজেলা রিসোর্স সেন্টার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ১২ | উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, দৌলতপুর, কুষ্টিয়া | | |